দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র
ঢাকা

তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা 6 কলাম 3

214

13 NOV 1988

13 NOV 1988

# সরিষাবাড়ি ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল

(নিজস্ব সংবাদদাতা)

জামালপুর, ১১ই নবেম্বর।—সরিষাবাড়ি কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল হওয়ায় ২৩শ পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে।

ঢাকা বিভাগে বহুল আলোচিত পরীক্ষা কেন্দ্র সরিষাবাড়ি। ঢাকাসহ বিভিন্ন শহরের ফেল করা ছাত্র-ছাত্রীরা এখানে এসে পরীক্ষা দেয় এবং ভালো রেজাল্টসহ পাসও করে। এই কেন্দ্রে কোন কোন পরীক্ষা তিন ঘন্টার বদলে সাড়ে তিন ঘন্টাতেও নেয়া হয়েছে—এমন ধরনের অভিযোগও আছে। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গত ক'বছরে এখানে বেশ ভালো রেজাল্ট হয়েছে—ফেলের হার নেই বললেই চলে।

এ পরিস্থিতিতে বিভিন্ন স্থানের ২৩শ ডিগ্রী পরীক্ষার্থী সরিষাবাড়ি কলেজ থেকে ফরম-ফিল-আপ করেছে এই কেন্দ্র থেকে পরীক্ষা দেয়ার জন্য। কিন্তু বিপাকে ফেলেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আসন্ন ডিগ্রী পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকায় এই সরিষাবাড়ি কেন্দ্রের নাম নেই।